তারিখ 09 JAN 2016
পৃষ্ঠা ৪ কলাম ৬

# রুয়েটে দু'দিনের জব ফেয়ার শুরু

■ রাজশাহী ব্যুরো

রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (রুয়েট) শুক্রবার শুরু হয়েছে দু'দিনের জব ফেয়ার। রুয়েট ক্যারিয়ার ফোরাম আয়োজিত এই ফেয়ার উদ্বোধন করেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোহা. রফিকুল আলম বেগ।

রুয়েট কেন্দ্রীয় শহীদ মিনার চত্বরে মেলার উদ্বোধনী অনুষ্ঠানে রুয়েট উপাচার্য প্রফেসর ড. মোহা. রফিকুল আলম বেগ বলেন, 'মেধাবী শিক্ষার্থীদের বিভিন্ন সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানে চাকরিপ্রাপ্তিতে সহায়তা করবে এই মেলা। শিক্ষার্থীরা ভবিষ্যতে ক্যারিয়ার গড়ার ক্ষেত্রেও বিভিন্ন দিকনির্দেশনা পাবে।'

অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য রাখেন রুয়েটের ভারপ্রাপ্ত রেজিস্ট্রার প্রফেসর ড. মোশারফ হোসেন, ছাত্রকল্যাণ পরিচালক প্রফেসর ড. এনএইচএম কামরুজ্জামান ও উপপরিচালক সিদ্ধার্থ শংকর সাহা।

অনুষ্ঠান শেষে কেন্দ্রীয় অডিটোরিয়ামে অনুষ্ঠিত হয় 'ক্যারিয়ার গঠনে করণীয়' শীর্ষক প্রথম সেমিনার। সেমিনার পরিচালনা করেন ৩০তম বিএসএস পরীক্ষায় প্রথম স্থান অধিকারী, সুশান্ত পাল। বিকেলে 'ক্যারিয়ার ভাবনা' শীর্ষক দ্বিতীয় সেমিনার পরিচালনা করেন ৩৩তম বিএসএস পরীক্ষায় প্রথম স্থান অধিকারী অভিজিৎ দাস। শনিবার দিনব্যাপী তৃতীয় সেমিনার অনুষ্ঠিত হবে। দু'দিনব্যাপী এই জব ফেয়ারে গ্রামীণফোন, বিএসআরএম, প্রিমিয়ার সিমেন্ট, অন্যরকমসহ ১২টি প্রতিষ্ঠানের স্টল রয়েছে।